



২৩ অক্টোবর, ২০১৬

প্রেসবিজ্ঞপ্তি

**“বাংলাদেশের নগর দরিদ্রদের বাসস্থানের অধিকার: বিদ্যমান আবাসন ব্যবস্থা, উচ্ছেদ ও পুনর্বাসন” শীর্ষক আলোচনা সভায় বক্তারা বস্তি উচ্ছেদের ক্ষেত্রে উচ্চ আদালতের নির্দেশনা অনুযায়ী উচ্ছেদকৃতদের জন্য বিকল্প আবাসনের ব্যবস্থা করার দাবী জানান**

আজ ২৩ অক্টোবর, ২০১৬ “বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর বাসস্থান অধিকার: বিদ্যমান আবাসন ব্যবস্থা, উচ্ছেদ ও পুনর্বাসন” শীর্ষক একটি আলোচনা সভা ঢাকার বিলিয়ার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব এডভান্সড লিগ্যাল এন্ড হিউমান রাইটস স্টাডিস (সেইলস)-এর যৌথ উদ্যোগে আয়োজিত এই সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন সেইলস-এর নির্বাহী পরিচালক ব্যারিস্টার মঞ্জুর হাসান। সভায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আরবান-বাংলাদেশ-এর সমন্বয়কারী মোহাম্মদ কামালউদ্দিন, কোয়ালিশন ফর আরবান স্টাডিস-এর নগর বিশেষজ্ঞ ও স্থপতি সালমা এ শাফি এবং সিনিয়র সাংবাদিক ও প্রতিদিনের সময় পত্রিকার সম্পাদক আবু সাইদ খান।

ব্লাস্টের এডভোকেসী ও গবেষণা উপদেষ্টা এবং সুপ্রীম কোর্টের আইনজীবী এডভোকেট তাজুল ইসলাম বাংলাদেশের নগর দরিদ্র, গৃহহীন ও বস্তিবাসীদের বাসস্থানের অধিকারঃ আইন, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা শীর্ষক একটি প্রবন্ধ উপস্থাপন করেন।

সভায় আরবান-বাংলাদেশ-এর সমন্বয়কারী মোহাম্মদ কামালউদ্দিন বক্তব্যে বলেন, “সংবিধান ও আর্ন্তজাতিক আইন অনুযায়ী বস্তি থেকে উচ্ছেদকৃতদের আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণে সরকার দায়বদ্ধ”।

সিনিয়র সাংবাদিক আবু সাইদ খান বলেন, “ভূমি ব্যবহার ও গৃহায়ন নীতিমালা প্রণয়ন করা জরুরী। গৃহায়ন নীতিমালায় নগর দরিদ্রদের জন্য সুনির্দিষ্ট অংশ বরাদ্দ দিয়ে বিভিন্ন গৃহায়ন প্রকল্প হাতে নিতে হবে”।

কোয়ালিশন ফর আরবান স্টাডিস-এর নগর বিশেষজ্ঞ ও স্থপতি প্রফেসর সালমা এ শাফি বলেন, “দরিদ্রদের জন্য গৃহায়ন ধারণাটি আমাদের দেশে সামাজিকভাবে এখনও পর্যাপ্ত গুরুত্ব পাচ্ছে না এবং জনমতও সেভাবে গড়ে উঠেনি। এই বিষয়ে জনমত গড়ে তুলতে হবে এবং নগরের জন্য পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে অবশ্যই দরিদ্রদের জন্য গৃহায়নের ব্যবস্থা রাখতে হবে”।

ব্লাস্টের পরিচালক ও আইন উপদেষ্টা এস এম রেজাউল করিম সভার সমাপনি বক্তব্য প্রদান করেন। সভায় মানবাধিকার কর্মী, সাংবাদিক ও আইনজীবী সহ বিভিন্ন বিশেষজ্ঞ ব্যক্তি উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)